



## The Daily Times



Officials of the University of Dhaka and Pubali Bank showcase representational images of a co-branded card for the university's teachers, officers and employees at its premises in Dhaka on Wednesday. — Photo: DU

## DU, Pubali Bank unveil co-branded card

**TIMES Report Dhaka**

The University of Dhaka and Pubali Bank PLC have signed an MoU to introduce a co-branded card for the university's teachers, officers and employees.

The agreement was signed on Wednesday at a ceremony held in the Nabab Nawab Ali Chowdhury Senate Building. Vice-Chancellor Professor Niaz Ahmad Khan attended as chief guest, while Pubali Bank Managing Director and CEO Mohammad Ali joined as special guest.

Treasurer Professor M Jahangir Alam Chowdhury

signed the MoU on behalf of the university, and Deputy General Manager and Head of Card Business N M Firoz Alam signed for Pubali Bank. Senior officials from both organisations were also present, including Professor Tayebur Rahman, Dean of the Faculty of Social Sciences, and Professor Debashish Pal, Provost of Jagannath Hall. The programme was conducted by Acting Registrar Munshi Shams Uddin Ahmed.

Speaking at the ceremony, Vice-Chancellor Professor Niaz Ahmad Khan said an institution

grows stronger when its ties with society deepen. He noted that partnerships with community-focused organisations such as Pubali Bank would support the university's eco-friendly initiatives.

He praised the professionalism, technological focus and public trust achieved by Pubali Bank's leadership, saying that institutional success depends on societal acceptance. He expressed hope that future collaboration will expand through digital services, capacity development and joint initiatives involving students.





দৈনিক বাংলা

মানবকণ্ঠ

## ঢাবির বিকল্প আবাসন হিসেবে উত্তরা এলাকায় সম্ভাব্যতা যাচাই

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) শিক্ষার্থীদের দীর্ঘদিনের আবাসন সংকটের বিকল্প সমাধানে নানামুখী উদ্যোগ নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। শিগগিরই নতুন হল নির্মাণকাজ শুরু হবে এবং হল সংস্কার কাজ চলমান রয়েছে বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। নতুন হল নির্মাণ ও হল সংস্কারের সময়ে শিক্ষার্থীদের স্থানান্তরের জন্য বিকল্প আবাসন ব্যবস্থা খুঁজে বের করার ধারাবাহিক উদ্যোগের অংশ হিসেবে বিশ্ববিদ্যালয়ের একটি উচ্চপরিষদের প্রতিনিধিদল উত্তরা (দিয়াবাড়ি) আবাসন এলাকা পরিদর্শন করেছে।

সম্ভাব্য সুযোগ-সুবিধা, নিরাপত্তা, যাতায়াত সুবিধা ও

অবকাঠামোগত বিষয়সমূহ সরেজমিন পরিদর্শন করে তারা সম্ভাব্য ব্যবহারযোগ্যতা মূল্যায়ন করেন। এ সময় উপস্থিত ছিলেন- ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, সেতু বিভাগের সচিব ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক মোহাম্মদ আব্দুর রউফ, অবসরপ্রাপ্ত সচিব (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ) ড. খ ম কবিরুল ইসলাম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের হিসাব পরিচালক মোহাম্মদ সাইফুল ইসলাম, ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী কাজী মো. আক্রাম হোসেন, ভারপ্রাপ্ত এস্টেট ম্যানেজার ফাতেমা বিনতে মুস্তাফা, পরিবহন ম্যানেজার মো. কামরুল হাসান, ডাকসুর ভিপি সাদিক কায়েম, এজিএস মহিউদ্দিন বান এবং ছাত্র পরিবহন সম্পাদক আসিফ আবদুল্লাহ।



ভোরের ডাক

## ঢাবির বিকল্প আবাসন হিসেবে উত্তরা এলাকায় সম্ভাব্যতা যাচাই



স্টাফ রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য নতুন আবাসিক হল নির্মাণ এবং হল সংস্কারের সময় শিক্ষার্থীদের জন্য বিকল্প আবাসন হিসেবে উত্তরা আবাসিক এলাকা পরিদর্শন করেছে বিশ্ববিদ্যালয়ের একটি প্রতিনিধিদল। গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের

জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, প্রতিনিধিদল বিকল্প আবাসনের সম্ভাব্য সুযোগ-সুবিধা, নিরাপত্তা, যাতায়াত সুবিধা ও অবকাঠামোগত বিষয়সমূহ সরেজমিন পরিদর্শন করে সম্ভাব্য ব্যবহারযোগ্যতা মূল্যায়ন করেছে। এতে আরও বলা

হয়, শিক্ষার্থীদের নিরাপদ ও উপযোগী আবাসন নিশ্চিত করতে বিশ্ববিদ্যালয় প্রশাসন আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে। পরিদর্শনকৃত স্থাপনার সার্বিক মূল্যায়ন শেষে যথাযথ সিদ্ধান্ত গ্রহণ করা হবে। পরিদর্শনকালে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, সেতু বিভাগের সচিব ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক মোহাম্মদ আব্দুর রউফ, অবসরপ্রাপ্ত সচিব (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ) ড. খ ম কবিরুল ইসলাম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের হিসাব পরিচালক মোহাম্মদ সাইফুল ইসলাম, ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী কাজী মো. আক্রাম হোসেন, ভারপ্রাপ্ত এস্টেট ম্যানেজার ফাতেমা বিনতে মুস্তাফা, পরিবহন ম্যানেজার মো. কামরুল হাসান, ডাকসুর ভিপি সাদিক কায়েম, এজিএস মহিউদ্দিন বান এবং ছাত্র পরিবহন সম্পাদক আসিফ আবদুল্লাহ।

## ঢাবি শিক্ষার্থীদের বিকল্প আবাসন হিসেবে উত্তরায় সম্ভাব্যতা যাচাই

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) শিক্ষার্থীদের দীর্ঘদিনের আবাসন সংকট সমাধানে নতুন হল নির্মাণ ও পুরোনো হলগুলোর সংস্কার কার্যক্রম এগিয়ে নিতে বিকল্প আবাসনব্যবস্থা খুঁজছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এরই অংশ হিসেবে গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের উচ্চপরিষদের প্রতিনিধিদল উত্তরার দিয়াবাড়ি এলাকায় আবাসন এলাকা পরিদর্শন করে সম্ভাব্যতা পরীক্ষা-নিরীক্ষা করেছে।

গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, প্রতিনিধিদলটি পরিদর্শনকালে জায়গাটির সুযোগ-সুবিধা, নিরাপত্তা, যাতায়াত ব্যবস্থা, পরিবেশ এবং অবকাঠামোগত উপযোগিতা সরেজমিন মূল্যায়ন করে। নতুন হল নির্মাণ ও সংস্কারের সময় শিক্ষার্থীদের অস্থায়ীভাবে কোথায় স্থানান্তর করা হবে- এ বিষয়ে সিদ্ধান্ত নিতেই এ পরিদর্শন করা হয়।

পরিদর্শনকালে উপস্থিত ছিলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, সেতু বিভাগের সচিব ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক মোহাম্মদ আব্দুর রউফ, অবসরপ্রাপ্ত সচিব ড. খ ম কবিরুল ইসলাম, বিশ্ববিদ্যালয়ের হিসাব পরিচালক মোহাম্মদ সাইফুল ইসলাম, ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী কাজী মো. আক্রাম হোসেন, ভারপ্রাপ্ত এস্টেট ম্যানেজার ফাতেমা বিনতে মুস্তাফা, পরিবহন ম্যানেজার মো. কামরুল হাসান, ডাকসুর ভিপি সাদিক কায়েম, এজিএস মহিউদ্দিন বান এবং ছাত্র পরিবহন সম্পাদক আসিফ আবদুল্লাহ।

বিশ্ববিদ্যালয় প্রশাসন জানিয়েছে, শিক্ষার্থীদের নিরাপদ, উপযোগী ও মানসম্মত আবাসন নিশ্চিত করে তারা অত্যন্ত গুরুত্ব ও আন্তরিকতার সঙ্গে কাজ করছেন। উত্তরা এলাকায় পরিদর্শন করা স্থাপনাগুলোর সার্বিক মূল্যায়ন সম্পন্ন হওয়ার পর প্রয়োজনীয় সিদ্ধান্ত নেয়া হবে।





১২ অক্টোবর ১৪৩২

DU in Media

27 November 2025

## প্রথম আলো


বাংলাদেশ

ভূমিকম্পের ঝুঁকি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৬টি হল পরিদর্শন করেছেন বুয়েটের বিশেষজ্ঞরা

প্রতিবেদক ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রকাশ: ২৬ নভেম্বর ২০২৫, ১৯: ৪৯



ভূমিকম্পের ঝুঁকির কারণে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার পর আবাসিক হল ছাড়ছেন শিক্ষার্থীরা। ছবি: ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন আবাসিক হল ও ভবনের কারিগরি নিরীক্ষণ, মূল্যায়ন ও পর্যবেক্ষণ করছেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) বিশেষজ্ঞরা। এ নিয়ে গঠিত কারিগরি উপকমিটি ইতিমধ্যেই ছয়টি হল পরিদর্শন করেছে।

আজ বুধবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। আগামীকাল বুধসপ্তাহের আরও ছয়টি হল পরিদর্শন করা হবে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বুধসপ্তাহের হাজী মুহম্মদ মুহসীন হল, শামসুন নাহার হল, ড. কুদরাত-ই-খুদা হোস্টেল, শহীদ আখতারুল ইসলাম সুলতানা কামাল হোস্টেল, নবাব ফয়জুন্নেসা চৌধুরাণী ছাত্রীনিবাস এবং কবি সূফিয়া কামাল হল পর্যবেক্ষণ করা হবে। বুয়েটের বিশেষজ্ঞ সদস্যের উপস্থিতি সাপেক্ষে পরিদর্শনের সময়সূচির পরিবর্তন হতে পারে।

সাম্প্রতিক বড় ধরনের ভূমিকম্পের পর বিভিন্ন আবাসিক হল ও ভবনের কারিগরি নিরীক্ষণ, মূল্যায়ন ও মনিটরিংয়ের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক এম জাহাঙ্গীর আলম চৌধুরীকে সভাপতি করে কেন্দ্রীয় কো-অর্ডিনেশন কমিটি গঠন করা হয়েছে। কেন্দ্রীয় কো-অর্ডিনেশন কমিটির অধীন চারটি উপকমিটিও গঠন করা হয়।

11/27/25, 10:37 AM

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৬টি হল পরিদর্শন করেছেন বুয়েটের বিশেষজ্ঞরা। প্রথম আলো

বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, বুয়েটের বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত এসব উপকমিটি দ্রুততম সময়ের মধ্যে আবাসিক হল ভবনসমূহ পরিদর্শন, কারিগরি নিরীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম সমাপ্ত করবে। পরিদর্শন শেষে কারিগরি মূল্যায়ন প্রতিবেদন সবার জন্য উন্মুক্ত করা হবে। এ-সংক্রান্ত বিস্তারিত প্রতিবেদন প্রকৌশল দপ্তর ও সংশ্লিষ্ট হলে সংরক্ষিত থাকবে। কারিগরি মূল্যায়নে ভবনের ঝুঁকিপূর্ণ বিষয় চিহ্নিত হলে শিক্ষার্থীদের অন্যত্র সরিয়ে নেওয়ার ব্যবস্থা করা হবে।